# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৫৯]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৯৯: সালাম ফিরানোর পর ইমামের তার সালাতের স্থানে বসে থাকা

باب قعود الإمام في مصلاه بعد التسليم

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ، قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، قَالَ: حَدَّثَنَا زُهَيْرٌ، وَذَكَرَ آخَرَ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ، قَالَ: قُلْتُلِجَابِرِ بْنِ سَمُرَةَ: كُنْتَ تُجَالِسُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: نَعَمْ، كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى الْفَجْرَ جَلَسَ فِي مُصَلَّاهُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ، فَيَتَحَدَّثُ أَصْحَابُهُ يَذْكُرُونَ حَدِيثَ الْجَاهِلِيَّةِ، وَيُنْشِدُونَ الشِّعْرَ، وَيَضْحَكُونَ وَيَتَبَسَّمُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ٥٢ (٦٧٠)، الفضائل ١٧ (٢٣٢٢) مختصراً، سنن ابی داود/الصلاة ٣٠١ (١٢٩٤)، (تحفة الأشراف: ٢١٥٥)، مسند احمد ٥/٩١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1359 - صحيح

বাংলা

১৩৫৮. আহমাদ ইবনু সুলায়মান (রহ.) ..... সিমাক ইবনু হারব (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)-কে বললাম, আপনি তো রাসূলুল্লাহ (সা.) -এর সাথে উঠা-বসা করতেন? তিনি বললেন, হ্যাঁ; রাসূলুল্লাহ (সা.) যখন ফজরের সালাত আদায় করতেন, তার সালাতের জায়গায় সূর্যোদয় পর্যন্ত বসে থাকতেন। তখন তাঁর সাহাবীগণের সাথে কথাবার্তা বলতেন, তারা জাহিলী যুগের ঘটনাসমূহের আলোচনা করতেন, কবিতা আবৃত্তি করতেন এবং হাসাহাসিও করতেন, আর রাসূলুল্লাহ (সা.) মুচকি হাসতেন।

## English

99. The Imam Sitting In The Place Where He Prayed After The Taslim

It was narrated that Simak bin Harb said: I said to Jabir bin Samurah: 'Did you used to sit with the Messenger of Allah (ﷺ)? He said: 'Yes.' When the Messenger of Allah (ﷺ) had prayed fajr, he would sit in the place where he had prayed until the sun rose, and his companions would talk and remember things from the time of Jahilliyah and recite poetry, and they would laugh and he would smile.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ৬৭০, আবু দাউদ ১২৯৪, তিরমিযী ৩০২০, নাসায়ী’র “আমালুল ইয়াওমি ওয়াল লায়লাতা” ১৭০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সিমাক ইবন হারব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87752

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন